



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

## প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে শিক্ষার্থীদের প্রতিনিধি, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়ন ও রূপাতলী হাউজিং কল্যান সমিতির নেতৃবৃন্দের বৈঠক অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ ফেব্রুয়ারি ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে শিক্ষার্থীদের প্রতিনিধি, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়ন ও রূপাতলী হাউজিং কল্যান সমিতির নেতৃবৃন্দের সাথে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখ দিবাগত রাতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর সংগঠিত হামলার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে এ বৈঠকটি অনুষ্ঠিত হয়। অদ্য ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ১১:৩০টায় বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে বিবাদমান সব পক্ষই পারস্পারিক হৃদয়তাপূর্ণ ও সৌহার্দ্যতাপূর্ণ সম্পর্ক বজায় রাখতে অঙ্গীকার ব্যক্ত করেন। এসময় শিক্ষার্থীদের উপর হামলার ঘটনায় বরিশাল-পটুয়াখালী বাস মালিক সমিতির সভাপতি ও পরিবহন শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আনুষ্ঠানিক ভাবে নিন্দা জানিয়ে দুঃখ প্রকাশ করেন এবং ভবিষ্যতে যাতে এধরনের ন্যাঙ্কারজনক ঘটনা না ঘটে সে বিষয়ে লিখিত দেয়ার নিশ্চয়তা প্রদান করেন। একই সাথে যদি কোন শ্রমিক এধরনের ঘটনা ঘটায় তবে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। পাশাপাশি শিক্ষার্থীদের মধ্য থেকে যদি কেউ কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটায় তবে বিশ্ববিদ্যালয় প্রশাসন যাতে উভয় পক্ষের সমন্বয়ে দ্রুত সমাধান করেন তার প্রতি অনুরোধ জানান। এসময় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, যদি কোথাও কোন অনাকাঙ্ক্ষিত ঘটনার সূত্রপাত হয় তবে আইন নিজের হাতে তুলে না নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। সকলের সমন্বয়ে বিষয়গুলো সমাধান করতে হবে। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রমের স্থিতিশীলতা বজায় রাখতে বরিশালবাসীসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের সহযোগীতা কামনা করেন। সভায় অন্যান্যদের বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, প্রক্টর, শিক্ষার্থীদের প্রতিনিধি, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বরিশাল-পটুয়াখালী বাস মালিক সমিতির নেতৃবৃন্দ, পরিবহন শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ এবং রূপাতলী হাউজিং কল্যান সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস